দৈনিক বাংলা

50

তারিখ 24 DEC 1992
পৃষ্ঠা ৭ কলাম ৩

৩৪

# মাদ্রাসা শিক্ষার আধুনিকীকরণ প্রয়োজন ঃ শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার জাতীয় উন্নয়নের জন্য মাদ্রাসা শিক্ষার আধুনিকীকরণ ও উন্নয়নের ওপর গুরুত্ব আরোপ করেছেন।

তিনি বলেন, ইসলামী শিক্ষা বৃহত্তর জাতীয় ঐক্য প্রতিষ্ঠা ও গণতন্ত্রের আধুনিক ধারণার প্রসার সাধনে সহায়ক হতে পারে। খবর তথ্য বিবরণীর।

শিক্ষামন্ত্রী বুধবার ঢাকায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের নতুন আবাসিক ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক এম এ মান্নানের সভাপতিত্বে এ অনুষ্ঠানে বোর্ডের কর্মচারী ইউনিয়নের সভাপতি গিয়াসউদ্দীন ও সাধারণ সম্পাদক আবদুল্লাহেল বাকী বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান গণতান্ত্রিক সরকার মাদ্রাসা শিক্ষাকে বাস্তব জীবন ও জীবিকামুখী করে তোলার লক্ষ্যে এর প্রতি যথাযথ গুরুত্ব দিয়েছে। তিনি বলেন, সরকার প্রতিটি গ্রামে একাধিক ব্যক্তিকে ফাজিলস্তর পর্যন্ত শিক্ষাদান করতে চায়। তিনি বলেন, সমাজ ও জাতীয় উন্নয়নে ইসলামী শিক্ষায় শিক্ষিত লোকদের অবদান টাকার অংকে মূল্যায়ন করা যায় না—ধর্মীয় ও নৈতিক মূল্যবোধের সাহায্যেই তা মূল্যায়ন করা সম্ভব।

পরে, শিক্ষামন্ত্রী নতুন ভবনের ফলক উন্মোচন করেন। ২৬ লাখ টাকা ব্যয়ে চলতি অর্থ বছরে এ ভবনটি নির্মিত হবে।